



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল

গাজীপুর-১৭০৫।



এমএ এবং এমএসএস প্রোগ্রাম (শেষ পর্ব : ১ বছর মেয়াদি)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল পরিচালিত এমএ (বাংলা ভাষা ও সাহিত্য, ইতিহাস, দর্শন, ইসলামিক স্টাডিজ) এবং এমএসএস (সমাজতত্ত্ব, রাষ্ট্রবিজ্ঞান) বিষয়ে ২০১৯ ব্যাচে এমএ এবং এমএসএস প্রোগ্রামের (শেষ পর্ব : ১ বছর মেয়াদি) ভর্তি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। শিক্ষার্থীদের ক্লাস বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্রে (৪/ক, গভ. ল্যাবরেটরী স্কুল রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫) এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সামাজিকবিজ্ঞান ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগে অনুষ্ঠিত হবে। আসনের ৫% কোটা মুক্তিযোদ্ধাদের সন্তান, পোষ্য এবং নৃগোষ্ঠীর জন্য সংরক্ষিত থাকবে।

বৈশিষ্ট্যসমূহ

- ◆ ০১ (এক) বছরে মোট ১০টি কোর্স (৪০ ক্রেডিট) সম্পন্ন করতে হবে। এ রেজিস্ট্রেশনের মেয়াদ ০৫ (পাঁচ) বছর পর্যন্ত বহাল থাকবে।
- ◆ প্রতি শিক্ষাবর্ষ ০২টি সিমেন্টারে বিভক্ত এবং প্রতি সিমেন্টার ০৬ মাস মেয়াদি। প্রথম সিমেন্টারে ০৫(পাঁচ)টি এবং দ্বিতীয় সিমেন্টারে ০৫(পাঁচ)টি করে কোর্স থাকবে। তবে একজন শিক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রতি সিমেন্টারে সর্বনিম্ন ০৩টি কোর্সে রেজিস্ট্রেশন করতে হবে।
- ◆ ডিগ্রি অর্জনের জন্য একজন শিক্ষার্থীকে দুই সিমেন্টারে ১০টি কোর্স (প্রতি কোর্স ০৪ ক্রেডিট) সম্পন্ন করতে হবে।

আবেদনের যোগ্যতা

- ◆ স্নাতক (সম্মান) অথবা সমমানের ডিগ্রিতে সিজিপিএ-২.৫০ অথবা ২য় বিভাগ অর্জনকারী এবং এমএ অথবা এমএসএস (১ম পর্ব) উত্তীর্ণ শিক্ষার্থীগণ ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

আবেদন প্রক্রিয়া: Online (<http://osaps.bou.edu.bd>)-এ প্রদত্ত তথ্য পূরণ করা শেষে SMS এর মাধ্যমে temporary user ID ও password পাওয়া যাবে। এরপর Payment Option- এ ৫০০/- (পাঁচশত) টাকা ও চার্জ/কমিশন বিকাশ/DBBL/শিওরক্যাশ-এর মাধ্যমে প্রদান করতে হবে। ট্রানজেকশন আইডি ও মোবাইল নম্বর নির্দিষ্ট স্থানে পূরণ করে Submit বাটনে ক্লিক করলে একটি SMS ও e-mail এ “payment successful” Message পাওয়ার মাধ্যমে Online আবেদন সম্পন্ন হবে। Successful SMS পাওয়ার ক্ষেত্রে কোনো রকম সমস্যা হলে ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে OSAPS (Online service & payment system)-এর Helpline নম্বরে অবহিত করতে হবে। প্রয়োজনে পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি, গাজীপুর-১৭০৫ বরাবর আবেদন করতে হবে। Online-এ ভর্তির আবেদন করার শেষ তারিখের ০৩ (তিন) কর্ম দিবসের পর কোনো অভিযোগ গ্রহণযোগ্য হবে না। Temporary User ID ও Password ব্যবহার করে প্রদর্শিত আবেদনপত্রটি প্রিন্ট করে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র ও নম্বরপত্রসমূহ ০১ অক্টোবর, ২০১৯ থেকে ৩১ অক্টোবর, ২০১৯ তারিখের মধ্যে ঢাকা আঞ্চলিক কেন্দ্রের (৪/ক, গভ. ল্যাবরেটরী স্কুল রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫) ১০৩ নম্বর কক্ষ/তথ্য কেন্দ্রে এবং রাজশাহীর ক্ষেত্রে রাজশাহী আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে। Online এ ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য (<http://osaps.bou.edu.bd>)-এর Helpline- এ উল্লেখিত ফোন নম্বরসমূহে অথবা স্ব স্ব আঞ্চলিক কেন্দ্রে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা বাউবির ওয়েব সাইটে দেয়া হবে।

ভর্তি সংক্রান্ত তথ্য

- শুধুমাত্র Online-এ আবেদন করা যাবে।
- প্রতি বিষয়ের আসন সংখ্যা ৬০।
- আবেদনের সময় : ০১ অক্টোবর, ২০১৯ থেকে ৩১ অক্টোবর, ২০১৯ পর্যন্ত।
- সাক্ষাৎকারের জন্য মনোনীতদের তালিকা প্রকাশ ও প্রবেশপত্র ইস্যুর তারিখ : ০৭ নভেম্বর, ২০১৯।
- সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান : ১১ নভেম্বর, ২০১৯ (সোমবার); সকাল ১০.০০ টা থেকে দুপুর ০১.০০ টা পর্যন্ত; ডিন অফিস, এসএসএইচএল, বাউবির মূল ক্যাম্পাস, গাজীপুর-১৭০৫ এবং ১৩ নভেম্বর, ২০১৯ (বুধবার); সকাল ১০.০০ টা থেকে দুপুর ০১.০০ টা পর্যন্ত; রাজশাহী আঞ্চলিক কেন্দ্র, নওহাটা, পবা, রাজশাহী।
- বিষয় ভিত্তিক মেধা তালিকা প্রকাশ : ১৯ নভেম্বর, ২০১৯।
- ভর্তি : ২১ নভেম্বর, ২০১৯ থেকে ০৫ ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত।
- বিলম্ব ফিসহ ভর্তি : ০৬ ডিসেম্বর, ২০১৯ থেকে ১৯ ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত।

ফি সংক্রান্ত তথ্য

- ◆ কোর্স ফি : প্রতি কোর্স ২১০০/- (দুই হাজার একশত) টাকা মাত্র।
- ◆ রেজিস্ট্রেশন ফি : প্রতি সিমেন্টার ১০০০/- (এক হাজার) টাকা।
- ◆ পরীক্ষার ফি : প্রতি কোর্স ৪০০/- (চারশত) টাকা।
- ◆ পুন:পরীক্ষার ফি : প্রতি কোর্স ৫০০/- (পাঁচশত) টাকা।
- ◆ একাডেমিক ক্যালেন্ডার ফি : প্রতি সিমেন্টার ৫০/- (পঞ্চাশ) টাকা।

ক্লাস শুরু : পরবর্তীতে জানিয়ে দেয়া হবে।

(ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোনো তথ্য একাডেমিক কাউন্সিল সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারী শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে।)

Helpline: Available Time: 9:00 am to 1:00 pm; 01635832845, 01705897988, 01907451614
Available Time: 2:00 pm to 6:00 pm; 01635832846, 01907451612, 01705897917

(অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর আলম)

সভাপতি, ভর্তি কমিটি

ও

ডিন, সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫।